JAN. 1 0 2001

দৈনিক ইনকিলাব




*ইনকিলাব ঃ পাঠ্যপুস্তক কেলেংকারির প্রতিবাদে গতকাল রাজধানীতে জাতীয়তাবাদী ছাত্রদল কেন্দ্রীয় সংসদের বিশাল বিক্ষোভ মিছিল*

# সরকার প্রতিবেশী রাষ্ট্রের নীলনকশা অনুযায়ী দেশে শিক্ষা সংকোচন করছে নাসির উদ্দিন আহমদ পিন্টু

বিশ্ববিদ্যালয় রিপোর্টার ঃ জাতীয়তাবাদী ছাত্রদল সভাপতি নাসির উদ্দিন আহমদ পিন্টু বলেছেন, দেশ পরিচালনায় ব্যর্থ ফ্যাসিষ্ট হাসিনা সরকার দেশের শিক্ষা ব্যবস্থাকে ধ্বংস করার জন্য পরিকল্পিত ষড়যন্ত্র করছে। তিনি বলেন, প্রতিবেশী রাষ্ট্রের নীলনকশা অনুযায়ী সরকার আজ দেশে শিক্ষা সংকোচন নীতি বাস্তবায়ন করছে। সরকারের এই হীন

৭-এর পৃঃ ৭-এর কঃ দেখুন

## নাসির উদ্দিন আহমদ পিন্টু

প্রথম পৃষ্ঠার পর

চক্রান্তের কারণে দেশের লাখ লাখ ছাত্র-ছাত্রীর শিক্ষাজীবন আজ চরম অনিশ্চয়তার মুখে।

ছাত্রদল সভাপতি অবিলম্বে পাঠ্যপুস্তক মুদ্রণের সাথে জড়িতদের বিরুদ্ধে ব্যবস্থা গ্রহণের দাবী করে ছাত্রসমাজকে হাসিনা সরকারের বিরুদ্ধে দুর্বার আন্দোলন গড়ে তোলার আহবান জানিয়ে বলেন, সরকারের পতন ঘটিয়ে জাতীয়তাবাদী সরকার প্রতিষ্ঠা না করা পর্যন্ত ছাত্রদল নেতা-কর্মীরা ঘরে ফিরে যাবে না।

প্রাথমিক ও মাধ্যমিক শিক্ষাস্তরে পাঠ্যপুস্তক কেলেংকারির প্রতিবাদে ছাত্রদল ঘোষিত দেশব্যাপী বিক্ষোভের কেন্দ্রীয় কর্মসূচীর অংশ হিসেবে মুক্তাঙ্গনে অনুষ্ঠিত বিশাল বিক্ষোভ সমাবেশে সভাপতির বক্তব্যে নাসির উদ্দিন পিন্টু এ কথা বলেন। ছাত্রদলের সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টুর পরিচালনায় সমাবেশে আরো বক্তব্য রাখেন সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর-ই-এলাহী, ঢাকা বিশ্ববিদ্যালয় শাখার সাধারণ সম্পাদক মোস্তাফিজুল ইসলাম মামুন, বুয়েট সভাপতি গোলাম মোস্তফা, সাঃ সম্পাদক মোকাম্মেল হায়াৎ মুকি, নগর (উঃ) সহ-সভাপতি সোহেল রহমান, বাংলা কলেজ ভিপি শামীম পারভেজ, নগর (দঃ) সাংগঠনিক সম্পাদক হাবিবুর রশিদ হাবীব, নগর (উঃ) সহ-সাংগঠনিক সম্পাদক বিপ্লব, টিএন্ডটি কলেজের ভিপি জাহিদুল হক জাহিদ, ডিএমসি সভাপতি জাভেদ আহমেদ, উত্তরা থানা সাঃ সম্পাদক কফিল উদ্দিন, আবুজর গিফারী কলেজ আহবায়ক ওমর ফারুক ডালিম, মোঃপুর সাঃ সম্পাদক সগীর আহমেদ, কোতোয়ালি আহবায়ক ইসহাক সরকার, সবুজবাগ সভাপতি ওয়াহিদুর রহমান, তেজগাঁও সভাপতি মোঃ আলী, ডেমরা থানা সাঃ সম্পাদক জামালউদ্দিন জামাল, গুলশান সভাপতি সৈয়দ মনজুর আহমেদ, রমনা সভাপতি মিজানুর রহমান খোকন, হাজারীবাগ সভাপতি লিটন, ক্যান্টনমেন্ট সভাপতি নাসিরউদ্দিন নাসির, খিলগাঁও সভাপতি কামরুজ্জামান টিপু, কাফরুল সাঃ সম্পাদক রেজাউর রহমান তপন প্রমুখ।

এ সময় আরো উপস্থিত ছিলেন ছাত্রদল নেতা আব্দুল খালেক হাওলাদার, আ ক ম মোজাম্মেল হক, আব্দুল আউয়াল খান, রেহানা আক্তার রানু, হাসান মঞ্জুর, আনসার আলী খান জয়, মোস্তফা খান সফরী, সেলিমুজ্জামান সেলিম, জয়ন্ত কুণ্ড, জাকির হোসেন পাটোয়ারী, রোখসানা খানম মিতুয়া, ফরিদা পারভীন, সাইমুন প্রমুখ।

সমাবেশ শেষে ছাত্রদলের একটি বিশাল মিছিল ... মিছিল সড়ক প্রদক্ষিণ করে।

... ছাত্রদল নেতা-কর্মীরা ছাত্রসমাজকে সাথে নিয়ে শিক্ষা ভবন, শিক্ষামন্ত্রী ও প্রধানমন্ত্রীর কার্যালয় ঘেরাও করবে।

ছাত্রদল সভাপতি বলেন, এ সরকারকে দেশবাসী আর এক মুহূর্তও ক্ষমতায় দেখতে চায় না। স্বৈরাচারী সরকারের পতন এখন সময়ের ব্যাপার মাত্র। তিনি সকলকে ছাত্রদলের পতাকাতলে সমবেত হয়ে শেখ হাসিনার পতন আন্দোলনে ঝাঁপিয়ে পড়ার আহবান জানিয়ে অবিলম্বে কারারুদ্ধ ছাত্রনেতা আসাদুজ্জামান আসাদ, ইমামুল হাসান হেলাল, আরমান আহম্মেদ আলম, শাহীন, দীপ্তি, স্বপন, খাজা, জাকির খানসহ সকল গ্রেফতারকৃত ছাত্রদল নেতা-কর্মীর মুক্তির দাবী জানান।

ছাত্রদল সাধারণ সম্পাদক সাহাবুদ্দিন লাল্টু বলেন, দেশে শিক্ষার হার যত বাড়ছে, আওয়ামী লীগের জনসমর্থন ততো কমছে। তাই হাসিনা সরকার পরিকল্পিতভাবে শিক্ষা ব্যবস্থাকে পর্যুদস্ত করার পাঁয়তারা করছে। যাতে দেশপ্রেমিক মেধাবী নেতৃত্ব সৃষ্টি হতে না পারে। তিনি বলেন, আওয়ামী এবং বাংলাদেশের উন্নয়ন ও উৎপাদন পাশাপাশি চলতে পারে না। প্রশাসনের সকল স্তরে সরকারের দুর্নীতির কারণে আজ দেশের উন্নয়ন কর্মকাণ্ড ব্যাহত হচ্ছে। ছাত্র সমাজকে জাতীয়তাবাদী ছাত্রদলের পতাকাতলে সমবেত হয়ে দুর্বার ছাত্র আন্দোলন গড়ে তোলার মাধ্যমে দুর্নীতিবাজ হাসিনা সরকারের পতন ত্বরান্বিত করতে হবে।

সিনিয়র সহ-সভাপতি মঞ্জুর-ই-এলাহী বলেন, শহীদ জিয়ার স্বপ্ন ছিল দেশের প্রতিটি মানুষকে নিরক্ষরমুক্ত করে একটি সমৃদ্ধশালী দেশ গড়ার। কিন্তু বর্তমান সরকার আজ মানুষকে শিক্ষা থেকে বঞ্চিত করার ষড়যন্ত্র করছে। তিনি অবিলম্বে শিক্ষার্থীদের নিকট পাঠ্যপুস্তক সরবরাহের দাবী জানিয়ে বলেন, দেশগড়ার জন্য যে ছাত্রদলের জন্ম হয়েছে, সেই ছাত্রদলের নেতা-কর্মীরা হাসিনা সরকারের বিরুদ্ধে তীব্র আন্দোলন গড়ে তুলবে।

সমাবেশ শেষে ছাত্রদলের একটি বিশাল বিক্ষোভ মিছিল মুক্তাঙ্গন থেকে শুরু হয়। 'জাতীয়তাবাদী ছাত্রদল জিন্দাবাদ জিন্দাবাদ', 'খালেদা জিয়া এগিয়ে চলো আমরা আছি তোমার সাথে', 'অবিলম্বে পাঠ্যপুস্তক সরবরাহ কর- করতে হবে', 'ছাত্র সমাজের দাবী এক- শেখ হাসিনার পদত্যাগ' প্রভৃতি শ্লোগানসহ মিছিলটি প্রেস ক্লাব, পল্টন, বিজয়নগর, কাকরাইল মোড় প্রদক্ষিণ শেষে নয়াপল্টনস্থ কেন্দ্রীয় কার্যালয়ের সম্মুখে এসে শেষ হয়।

**জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল**

এদিকে পাঠ্যপুস্তক কেলেংকারির প্রতিবাদে জগন্নাথ বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রদল গতকাল ...